

‘বর্তমান সরকার শিক্ষাকে গুরুত্ব দিয়ে বাজেটে সর্বোচ্চ বরাদ্দ দিয়েছে’

প্রতিনিধি, চন্দনাইশ (চট্টগ্রাম)

বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সদস্য আলহাজ্ব নজরুল ইসলাম চৌধুরী এমপি বলেছেন, বর্তমান সরকার শিক্ষাকে গুরুত্ব দিয়ে বাজেটে সর্বোচ্চ বরাদ্দ দিয়েছেন। সে সাথে শিক্ষা প্রতিষ্ঠানের অবকাঠামোগত উন্নয়নের পাশাপাশি শিক্ষার্থীদের শিক্ষা উপকরণ, উপবৃত্তি, বিনামূল্যে বছরের প্রথম দিন বই বিতরণসহ ব্যাপক উন্নয়নমূলক কাজ করে যাচ্ছে। একইভাবে শিক্ষকদের বেতন দিগুণ করে মান উন্নয়নের উপর গুরুত্ব দিয়েছেন। এখন কোন শিক্ষক বিদ্যালয়ে কোচিং বা প্রাইভেট পড়াতে পারবে না। ক্লাসের পড়া ক্লাসে শেষ করে শিক্ষার্থীদের যুগোপযোগী পাঠদান করে আধুনিক শিক্ষায় শিক্ষিত করার উপর গুরুত্বারোপ করেছেন।

গত ২৯ এপ্রিল বিকালে উপজেলার বৈলতলীস্থ জাফরাবাদ উচ্চ বিদ্যালয়ের বার্ষিক পুরস্কার বিতরণ ও কৃতি শিক্ষার্থী সংবর্ধনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

বিদ্যালয় মাঠে অনুষ্ঠিত সভায় পরিচালনা পরিষদের সভাপতি নুরুল মোস্তফার সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন যথাক্রমে উপজেলা চেয়ারম্যান আবদুল জব্বার চৌধুরী, মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা আবু কাউসার, উপজেলা আলীগের সি. সহ-সভাপতি আবুল বশর ভূইয়া, চেয়ারম্যান আনোয়ারুল মোস্তফা চৌধুরী দুলাল।

শিক্ষক শাহিনুল কবির শাহিনের সঞ্চালনায় আলোচনায় অংশ নেন, বিদ্যালয় পরিচালনা পরিষদের শিক্ষানুরাগী আবদুল মান্নান, জাফরাবাদ ফাজিল মাদরাসার সভাপতি এ কে এম শামসুদ্দিন, উদীচী নেতা গোলাম কিবরিয়া ও জাফরাবাদ উচ্চ বিদ্যালয়ের প্রাক্তন ছাত্র ও বৈলতলী ইউনিয়ন ছাত্রলীগ সভাপতি আজিজুল হক চৌধুরী রিকন প্রমুখ।